

সর্বজনীন আবাসন ও ধারা 8 এর প্রিয় বাসিন্দা,

নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষ (New York Housing Authority, NYCHA) নিউ ইয়র্ক সিটিতে করোনানাভাইরাস (COVID-19) এর ওপরে এবং এটি কীভাবে আমাদের বাসিন্দা ও কর্মীদের নিরাপত্তা ও সুস্থতাকে প্রভাবিত করতে পারে তার ওপরে কাছ থেকে নজর রাখার জন্য ইউএস আবাসন ও নগর উন্নয়ন বিভাগ (U.S. Department of Housing and Urban Development), নিউ ইয়র্ক সিটি আপৎকালীন ব্যবস্থাপনা (Emergency Management) এবং অন্যান্য শহর, স্টেট ও রাষ্ট্রীয় অংশীদারদের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করছে।

গতকাল, মেয়র Bill de Blasio নিউ ইয়র্ক সিটিতে জরুরি অবস্থা ঘোষণা করেছেন, এবং আপনাকে সুরক্ষিত রাখা, অসুবিধা দূর করা এবং COVID-19 এর ছড়িয়ে পড়া আটকানোর জন্য আমরা যে পদক্ষেপগুলি নিয়েছি তার কয়েকটি আমরা আপনাদের জানাতে চাই।

- NYCHA কর্মীরা আমাদের উন্নয়নগুলি জুড়ে প্রতিদিন আরও বেশি ঘন ঘুন সাফাই করছেন, বিল্ডিং-এর প্রবেশদ্বার, এলিভেটরের কন্ট্রোল, মেলবল্ড ও আবর্জনা ফেলার বাস্কেটের দরজার মত বেশি ভিড় থাকা ও বেশি স্পর্শ হওয়া জায়গাগুলির ওপরে বিশেষ মনোযোগ দিয়ে। আমরা NYCHA কেয়ারটেকার ও সাফাই পরিষেবা কোম্পানিগুলির একটি সংমিশ্রণ ব্যবহার করছি।
- বয়োজ্যেষ্ঠ মানুষদের বাসস্থান এবং COVID-19 দ্বারা প্রভাবিত হতে পারে এমন অন্যান্য ক্যাম্পাস গভীরভাবে পরিকার করার জন্য আমরা বাইরের একজন ভেভর অর্থাৎ পরিষেবা প্রদানকারীকে নিযুক্ত করেছি। ভেভরটি দুই ধাপের একটি প্রক্রিয়া ব্যবহার করে যার অন্তর্ভুক্ত হল গভীরভাবে পরিকার করা এবং একটি বায়ো/পরিবেশ-বান্ধব সুরক্ষামূলক আন্তরণ যা জীবাণুগুলি পৃষ্ঠতলে সংলগ্ন হওয়ার আগেই সেগুলিকে মেঝে ফেলে এবং এটি সাধারণভাবে 90 দিন স্থায়ী হয়। একটি সতর্কতামূলক পদক্ষেপ হিসেবে আমরা ভেভরকে দিয়ে এই প্রক্রিয়াটি 30 দিনের চক্র সম্পন্ন করাবো। ভেভরটি বুধবার, 11 মার্চ এ সাফাইয়ের কাজ শুরু করেছে।
- আমরা পরবর্তী বিজ্ঞপ্তি পর্যন্ত সব পরিকল্পিত আউটেজ স্থগিত রেখেছি, যা অবিলম্বে কার্যকর।
- শহর যতদিন জরুরি অবস্থার অধীনে থাকবে ততদিন পর্যন্ত আমরা আবাসিক উচ্ছেদ স্থগিত রাখছি।
- NYCHA-এর ভাড়া পরিশোধের অসম্পূর্ণতা বিষয়ক বিদ্যমান নীতি অনুযায়ী, যে সব পরিবার উপার্জন হারানোর সমস্যায় ভুগছেন, আমরা তাদেরকে <https://selfserve.nycha.info> এ NYCHA-এর স্বয়ং-পরিষেবার পোর্টালে (Self-Service Portal) গিয়ে অথবা আপনার সম্পত্তি ব্যবস্থাপনা অফিস (Property Management office) থেকে একটি কাগজের ফর্মের অনুরোধ করার দ্বারা, হ্রাস পাওয়া যে কোনো আয়ের জন্য একটি অন্তর্বর্তী পুনঃপ্রত্যয়ন (Interim Recertification)-এর অনুরোধ করতে উৎসাহিত করছি, যা দুই মাসের বেশি সময় স্থায়ী হবে।
- NYCHA এর প্রশাসনিক শুনানি অফিস (Administrative Hearing Office) সব মামলাগুলি দুই সপ্তাহের জন্য পিছিয়ে দিচ্ছে, যে সময়ে আমরা শুনানির সময়সূচির পুনঃমূল্যায়ন করব, যাতে নির্ধারণ করা যায় যে আরও বেশি সময়ের জন্য পিছিয়ে দেওয়া উচিত কিনা।
- আমরা NYCHA এর অফিস ও উন্নয়নগুলিতে সশরীরে সর্বজনীন সভা ও অনুষ্ঠানগুলি 30 দিনের জন্য পিছিয়ে দিচ্ছি।
- আমরা ক্লকলিন ও ব্রংক্স-এর গ্রাহক যোগাযোগ ওয়াক-ইন কেন্দ্রগুলিকে (Customer Contact Walk-in Centers) সোমবার থেকে জনগণের জন্য বন্ধ করে দিচ্ছি।

আমরা আমাদের NYCHA জনসমাজগুলিকে নিরাপদ রাখার জন্য এই গুরুত্বপূর্ণ ও পূর্ব-সক্রিয় পদক্ষেপগুলি নেওয়ার সাথে সাথে, বাসিন্দাদের উৎসাহিত করছি লেনদেনগুলি সম্পূর্ণ করার জন্য কর্তৃপক্ষের স্বয়ংক্রিয় ও অনলাইন সিস্টেমগুলি ব্যবহার করতে, যার অন্তর্ভুক্ত হল MyNYCHA স্বয়ং-পরিষেবার পোর্টাল ও কিয়স্কগুলি। MyNYCHA অ্যাপটি ডাউনলোড করতে on.nyc.gov/mynycha দেখুন।

আমরা আপনাকে COVID-19 এর বিষয়ে সাম্প্রতিক তথ্য দেওয়া চালিয়ে যাব, সেগুলি যেমন যেমন ঘটতে থাকবে। আপনার কোন প্রশ্ন বা উদ্বেগ থাকলে, গ্রাহক যোগাযোগ কেন্দ্র (Customer Contact Center, CCC)-কে 718-707-7771 নম্বরে ফোন করুন।

COVID-19 সম্বন্ধে আরো তথ্যের জন্য nyc.gov/coronavirus দেখুন।